

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 05-01-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) রাজ্যের ষাটটি বিধানসভা কেন্দ্রের চূড়ান্ত সচিত্র ভোটার তালিকা আগামীকাল প্রকাশ করা হবে।
- (২) সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিঙ্কু রায় বলেছেন রাজ্য সরকার দিব্যাঙ্গ ও দৃষ্টিহীনদের সাহায্যার্থে উদার মনোভাব পোষণ করে।
- (৩) কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর এবং খাদ্য জনসংভরন ও ক্রেতাস্বার্থ দপ্তরের যৌথ উদ্যোগে আজ বামুটিয়ায় সহায়ক মূল্যে ধান কেনা শুরু হয়েছে।
- (৪) ভারতীয় রেলওয়ে মহা কুস্ত মেলা ২০২৫এর সময় তীর্থযাত্রীদের ভীড় সামলাতে জন্য ১৩ হাজারটি ট্রেন চালাবে।

Electoral Roll:

নির্বাচন কমিশনের নির্ধারিত নির্ঘণ্ট অনুযায়ী রাজ্যের ষাটটি বিধানসভা কেন্দ্রের চূড়ান্ত সচিত্র ভোটার তালিকা আগামীকাল প্রকাশ করা হবে। প্রতিটি বিধানসভা কেন্দ্রে নির্বাচন নিবন্ধন আধিকারিকরা চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করবেন। এই ভোটার তালিকা প্রতিটি ভোটকেন্দ্রের, মহকুমা শাসক ও জেলা শাসকের অফিস এবং তহশিল অফিসে দেখা যাবে।

All Tripura Blind Comitee:

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিঙ্কু রায় বলেছেন, রাজ্য সরকার দিব্যাঙ্গ ও দৃষ্টিহীনদের সাহায্যার্থে উদার মনোভাব পোষণ করে। তাদের শিক্ষার বিস্তারেও সরকার কাজ করে চলেছে। আজ আগরতলা প্রেসক্লাবে অল ত্রিপুরা ব্লাইন্ড কমিটির উদ্যোগে লুই ব্রেইলের জন্মজয়ন্তী উপলক্ষ্যে আয়োজিত সাংস্কৃতিক ও কৃতি সম্বর্ধনা অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন দিব্যাঙ্গদের সহায়তা করার জন্য সরকার বিভিন্ন নীতি গ্রহণ করেছে। শ্রী রায় বলেন তাদের পড়াশুনায় উৎসাহিত করার লক্ষ্যে রাজ্য সরকার উচ্চমাধ্যমিক পরীক্ষায় দিব্যাঙ্গ প্রথম ১০ জনকে ৫৪ হাজার ও মাধ্যমিকে প্রথম ১০ জনকে ২৪ হাজার টাকা করে প্রদান করেছে। তিনি বলেন কোনো দিব্যাঙ্গ ব্যক্তি যদি সামাজিক ভাতা থেকে বঞ্চিত হয়ে থাকেন, তাহলে তা সরকারকে জানালে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করা হবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি বলাই গোস্বামী, সাংবাদিক প্রণব সরকার সহ অন্যান্যরা। অনুষ্ঠানে দৃষ্টিহীন শিক্ষার্থীদের মধ্যে কঞ্চল ও ব্রেইল স্লেট প্রদান করা হয়।

MSP Paddy purchase:

কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর এবং খাদ্য জনসংভরন ও ক্রেতাস্বার্থ দপ্তরের যৌথ উদ্যোগে আজ বামুটিয়ার বিনোদিনী উচ্চ বিদ্যালয়ের মাঠে কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান কেনা শুরু হয়েছে। পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি বলাই গোস্বামী এই কর্মসূচির উদ্বোধন করেন। কৃষি উপ-অধিকর্তা রঞ্জিত কুমার দাস জানান, প্রতি কেজি ২৩ টাকা দরে ধান ক্রয় করা হবে। আগামী ১০ জানুয়ারি পর্যন্ত দপ্তরের উদ্যোগে কৃষকদের থেকে ধান কেনা হবে। বামুটিয়া কৃষি মহকুমার তত্ত্বাবধায়ক রাজু রবিদাস অনুষ্ঠানে জানান, এবার সহায়ক মূল্যে ৫০০ মেট্রিক টন ধান ক্রয়ের লক্ষ্যমাত্রা রয়েছে।

Talent Search:

বিজ্ঞান ও গণিত বিষয়ে ছাত্র-ছাত্রীদের মধ্য থেকে প্রতিভা অনুসন্ধানের উদ্দেশ্যে গোটা রাজ্যের সঙ্গে আজ সিপাহীজলা জেলার ৯ টি পরীক্ষা কেন্দ্রেও চলতি বছরের "ত্রিপুরা জুনিয়ার সাইন্স এন্ড ম্যাথ ট্যালেন্ট সার্চ এক্সামিনেশন" অনুষ্ঠিত হয়েছে। প্রতি বছরই ষষ্ঠ ও নবম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য এই পরীক্ষার আয়োজন করে বিদ্যালয় শিক্ষা দপ্তর। আজ ছিল ষষ্ঠ শ্রেণীর পড়ুয়াদের পরীক্ষা। অন-লাইনের ভিত্তিতে এই পরীক্ষার জন্য সিপাহীজলা জেলার ৩৩৫ টি বিদ্যালয় থেকে মোট ৭৪২ জন ছাত্র-ছাত্রী আবেদন করেছে। পরীক্ষায় বসেছে ৫৫০ জন ছাত্র-ছাত্রী। শিক্ষা দপ্তরের সিপাহীজলা জেলার ও.এস.ডি রাকেশ দেববর্মা জানিয়েছেন এই পরীক্ষার মাধ্যমে গোটা রাজ্য থেকে মোট ১০০ জন ছাত্র ছাত্রীকে বাছাই করা হবে। বাছাই পর্ব শেষে সেই প্রতিভাবান ছাত্র-ছাত্রীদের আগামী ১৫ মাস ৪০০ টাকা করে স্কলারশিপ প্রদান করা হবে। তাছাড়া রাজ্য ভিত্তিক এক অনুষ্ঠানের মাধ্যমে ভালো ফলাফল করা স্কুলগুলিকে শংসাপত্র প্রদান করা হবে।

Tinku Roy-Rabindra Bhawan:

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষামন্ত্রী টিঙ্কু রায় বলেছেন রক্তদান একটি মহৎ কাজ এবং রক্তদাতারাই সমাজের প্রকৃত নায়ক। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে তথ্য সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় সেবা ও সহায়তা পরিষদের দশম বর্ষপূর্তি উপলক্ষ্যে আয়োজিত রক্তদান শিবির ও সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন রক্তদানের কোনো বিকল্প এখনো পাওয়া যায়নি। তিনি বলেন রাজ্যে জনসংখ্যার নিরিখে দেখতে হলে যদি সকলে বছরে কিছু কিছু সময় পরে পরে রক্তদান করে তাহলে রাজ্যে রক্তসংকট দেখা দেবে না। তিনি বলেন যেভাবে ক্লাব এবং বিভিন্ন সংগঠন গুলি মানুষের সাহায্য করতে

এগিয়ে আসছে সেটাই হচ্ছে সমাজ পরিবর্তনের লক্ষণ। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার সহ অন্যান্য বিশিষ্টজনেরা। উল্লেখ্য আজকের রক্তদান শিবিরে ৫০ জনের মতো রক্তদান করেন।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্ল্যাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Mahakumbh, Rail:

ভারতীয় রেলওয়ে মহা কুম্ভ মেলা ২০২৫এর সময় তীর্থযাত্রীদের ভীড় সামলাতে জন্য ১৩ হাজারটি ট্রেন চালাবে। এর মধ্যে রয়েছে ১০ হাজারটি নিয়মিত ট্রেন এবং তিন হাজারটি বিশেষ ট্রেন। এই ট্রেনগুলি মহাকুম্ভের আগে এবং পরে মিলিয়ে ৫০দিন ধরে চালানোর পরিকল্পনা নেয়া হয়েছে। প্রয়াগরাজের মহা কুম্ভ মেলায় প্রায় ৪০কোটি লোকের বিশাল জনসমাগম ঘটবে বলে মনে করা হচ্ছে।

উত্তর মধ্য রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক শশীকান্ত ত্রিপাঠী বলেছেন যে রেলওয়ে তীর্থযাত্রীদের জন্য মসৃণ এবং নিরাপদ অভিজ্ঞতা নিশ্চিত করতে একটি পরিকল্পনা তৈরি করেছে। তিনি বলেন, বিশৃঙ্খলা ও যানজট ঠেকাতে জনগণের চলাচল একমুখী রাখা হবে। লক্ষ ভক্ত ও দর্শনার্থীদের জন্য নির্বিঘ্ন যোগাযোগ, পরিবহন এবং সুযোগ-সুবিধা নিশ্চিত করতে সরকার ও রেলওয়ে কর্তৃপক্ষ একসঙ্গে কাজ করেছে।

উল্লেখ্য, প্রয়াগরাজের গঙ্গা, যমুনা এবং সরস্বতী নদীর সঙ্গমস্থলে আগামী ১৩ই জানুয়ারি থেকে ২৬শে ফেব্রুয়ারি পর্যন্ত মহা কুন্ত মেলা অনুষ্ঠিত হবে।

PM, Delhi:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ দিল্লিতে ১২,২০০ কোটি টাকার বেশি মূল্যের একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। তিনি সাহিবাবাদ এবং নিউ অশোক নগরের মধ্যে প্রায় ৪,৬০০ কোটি টাকা ব্যয়ে নির্মিত ১৩ কিলোমিটার দৈর্ঘ্যের দিল্লি-গাজিয়াবাদ-মিরাট নমো ভারত করিডোরের উদ্বোধন করেন। প্রধানমন্ত্রী সাহিবাবাদ আরআরটিএস স্টেশন থেকে নিউ অশোক নগর আরআরটিএস স্টেশন পর্যন্ত নমো ভারত ট্রেনে চড়ে স্কুলের শিশুদের সঙ্গে কথা বলেন। আরো কিছু প্রকল্পের সঙ্গে তিনি নতুনদিল্লির রোহিনীতে কেন্দ্রীয় আয়ুর্বেদ গবেষণা ইনস্টিটিউট, CARI-এর জন্য নতুন অত্যাধুনিক ভবনের ভিত্তিপ্রস্তরও স্থাপন করেন।

GMP:

বন অধিকার আইন সংশোধন করে উপজাতিদের জমির অধিকার প্রদান, কেন্দ্র ও রাজ্য সরকারের সরকারি ও বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠানে শূন্য পদ পূরণ করা, রাষ্ট্রীয় সম্পত্তির

বেসরকারিকরণ বন্ধ করা সহ ৯ দফা দাবিতে আগামী ১১ জানুয়ারি রাজভবন অভিযান করবে ত্রিপুরা রাজ্য উপজাতি গণমুক্তি পরিষদ কেন্দ্রীয় কমিটি। আজ আগরতলায় দশরথ দেব স্মৃতি ভবনে সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন সংগঠনের সভাপতি নরেশ জমাতিয়া । তিনি বলেন সম্প্রতি দিল্লিতে আদিবাসী অধিকার রাষ্ট্রীয় মঞ্চ সহ অন্যান্য গণ সংগঠনের যৌথ সভায় ডিসেম্বর এবং জানুয়ারি মাসে দেশের বিভিন্ন রাজ্যে রাজ্যপালের কাছে উপজাতিদের বিভিন্ন সমস্যা সহ গণ ডেপুটেশন প্রদান করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সাংবাদিক সম্মেলনে সংগঠনের সাধারণ সম্পাদক রাধাচরণ দেববর্মা, সদস্য অমলেন্দু দেববর্মা উপস্থিত ছিলেন।

Agriculture/Unakoti:

উনকোটি জেলাতে ভোজ্য তেলের উৎপাদন বাড়াতে উদ্যোগ নিয়েছে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর। দপ্তরের উপ-অধিকর্তা সৌমেন নন্দী আজ জানান, সরিষা ও তিলের উৎপাদন বাড়ানোর লক্ষ্যে ২৫০ হেক্টর জমিতে এগুলি চাষের উদ্যোগ নেওয়া হয়েছে। প্রায় এক হাজার কৃষক এর সংগে যুক্ত থাকবেন বলে তিনি জানান।

Kissan Morcha:

প্রদেশ বিজেপি সভাপতি, সাংসদ রাজীব ভট্টাচার্য বলেছেন কৃষিকে নির্ভর করে দেশ ও রাজ্যকে আত্মনির্ভর করার লক্ষ্যে কেন্দ্র ও রাজ্য সরকার কাজ করছে। আজ প্রতাপগড় মন্ডলের কৃষাণ মোর্চার উদ্যোগে কৃষকদের সম্বর্ধনা প্রদান অনুষ্ঠানে তিনি একথা বলেন । তিনি বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে দেশ বিকশিত সংকল্প যাত্রার দিকে এগিয়ে যাচ্ছে। তিনি আরও বলেন দেশের প্রায় ৭০ শতাংশ মানুষ পরোক্ষভাবে কৃষিকাজের

সঙ্গে যুক্ত। কৃষকদের আয় দ্বিগুণ করার লক্ষ্যে সরকার বহুমুখী পরিকল্পনা গ্রহণ করেছে। যেমন কৃষক-সম্মান নিধি, কিশান ক্রেডিট কার্ড, সহায়ক মূল্যে উৎপাদিত সামগ্রী ক্রয় করা, ভর্তুকিতে সার বীজ প্রদান ইত্যাদি। অনুষ্ঠানে মন্ডল নেতৃত্ব তাপস ভট্টাচার্য সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

Fire:

বনভোজন সেরে ফেরার পথে আজ সন্ধ্যায় মোহনপুরের জগৎপুর চৌমুহনীতে চলন্ত বাসে অগ্নিকাণ্ডে বেশ কয়েকজন আহত হয়েছেন।

সিধাই থানার পুলিশ জানিয়েছে, সিমনার দিক থেকে আগরতলা ফেরার পথে চলন্ত বাসে আচমকা আগুন লেগে যায়। আহত যাত্রীদের দমকল কর্মীরা উদ্ধার করে মোহনপুর কমিউনিটি হেলথ সেন্টারে ভর্তি করিয়েছে।

Blood Donation Camp:

দক্ষিণ জেলার বাইখোরার নবশক্তি ক্লাব গৃহে আজ রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে ১৪ জন স্বেচ্ছায় রক্তদান করেন। এই উপলক্ষে আয়োজিত সভায় স্বেচ্ছায় রক্তদানের গুরুত্ব নিয়ে বক্তব্য রাখেন দক্ষিণ জেলা হাসপাতালের চিকিৎসক ড: প্রগতি রিয়াং ও নবশক্তি ক্লাবের সভাপতি কার্তিক দে।

Milan Mela/Preparation:

উনকোটি জেলার ফটিকরায় স্কুল মাঠে আগামী উনত্রিশে জানুয়ারি থেকে শুরু হচ্ছে, মিলন মেলা-২০২৫ চলবে ১লা ফেব্রুয়ারি পর্যন্ত। আসন্ন মেলাকে সফল করতে প্রস্তুতি চলছে।

মেলা পরিচালন কমিটির চেয়ারম্যান তথা রাজ্যের মৎস্যমন্ত্রী সুধাংশু দাস জানান, পঞ্চমবারের মতো এই মেলার আয়োজন করা হয়েছে। রাজ্য-বহিরা রাজ্য থেকে খ্যাতনামা শিল্পীরা এখানে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবেন।

Vijoy Marchant:

বিজয় মার্চেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ বছরের ক্রিকেটের প্লেট গ্রুপের ফাইন্যালে বিহারের বিরুদ্ধে পরাজয় এড়াতে লড়াই করছে ত্রিপুরা। ভুবনেশ্বরে চারদিনের এই ম্যাচে আজ তৃতীয় দিনে ৩ উইকেটে ৪৯ রান থেকে খেলতে নেমে বিহার দ্বিতীয় ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ২০৮ রান করে। জয়ের জন্য ৩৩১ রানের লক্ষ্যে নেমে রাজ্যদল দ্বিতীয় ইনিংসে দিনের শেষে ৪ উইকেট হারিয়ে ৭৫ রান করে। এর আগে বিহারের প্রথম ইনিংসের ২৭৯ রানের জবাবে রাজ্যদল প্রথম ইনিংসে ১৫৭ রান করেছিল।

Baby Marathon:

এন ই বাংলা ও শ্যামসুন্দর কোম্পানি জুয়েলার্সের যৌথ উদ্যোগে আজ আগরতলার নজরুল কলাক্ষেত্রে অনুষ্ঠিত হলো প্রথম বেবি ম্যারাথন দৌড় প্রতিযোগিতা। চারটি গ্রুপে এই ম্যারাথন অনুষ্ঠিত হয়। তিনটি বিভাগে হামাগুড়ি, ৫,০০০ সেন্টিমিটার ও ১০০০০ সেন্টিমিটার দৌড় হয়।

অনুষ্ঠানে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায়, আগরতলা প্রেস ক্লাবের সভাপতি জয়ন্ত ভট্টাচার্য, শ্যাম সুন্দর কোম্পানি জুয়েলার্সের কর্ণধার রূপক সাহা, এন ই বাংলার কর্ণধার সন্তোষ গোপ সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

Weather :

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৪ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি সেলসিয়াস।
